## সভা নং-৩৫৩

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের মার্চ,২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব হোসনে আরা তান্নি
প্রশাসক, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ : ১৩/০৩/২০২৫ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র.নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভাপতি ও উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের সভার কার্যক্রম শুরু করেন।<br>অত:পর ফেব্রুয়ারি,২৫ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। | ফেব্রুয়ারি,২৫ মাসের সভার কার্যবিবরণী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়ীকরন করা হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস,২০২৫ যথাযথ মর্যাদায় উদযাপন করার লক্ষে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদানসহ নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তিনি সকলের উপস্থিতি ও সহযোগীতা কামনা করেন। তিনি বলেন, পবিত্র রমজান মাস চলছে। তিনি সকলকে রমজান মাসের শুভেচ্ছা জানান।<br>অত:পর তিনি দপ্তর ভিত্তিক আলোচনা করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং দপ্তর প্রধানগণ তাদের দাপ্তরিক আলোচনা শুরু করেন। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান উপজেলা স্বাস্থ্য কম্পপ্লেক্সের স্বাস্থ্য সেবা স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, গত বছরের তুলনায় এবার মৌসুমে বোর ধানের চাষ দ্বিগুন হয়েছে। সারের কোনো ঘাটতি নাই। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৬. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, যে সকল নৌকা মাছ ধরে তাদেরকে লাইসেন্সের আওতায় আনা হবে। যারা লাইসেন্সের আওতায় আসবে না তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে । তিনি বলেন রমজানের কারণে স্কুল সমূহ বন্ধ রয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। তিনি বলেন রমজানের কারণে স্কুলসমূহ বন্ধ রয়েছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন সকল ভাতাভোগীদের তৃতীয় কিস্তির টাকা আসন্ন ঈদের আগে প্রদানের নির্দেশনা আসছে। নির্দেশনা অনুযায়ী ঈদের আগের প্রদান করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. | উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে । তিনি বলেন, মা ও শিশুর তালিকা মাসের ২০তারিখের মধ্যে না দিলে যথা সময়ে হাল নাগাদ করা যাচ্ছে না। তিনি সকল ইউপি চেয়ারম্যানের মাসের ২০ তারিখের মধ্যে তালিকা দেওয়ার জন্য অনুরোধ করেন। | মা ও শিশুর তালিকা মাসের ২০ তারিখের মধ্যে প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে।<br><br>তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ১টি প্রকল্প ছিলো-উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর সীমানা প্রচীর রং করন-২লক্ষ এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলোয় সুইমিংপুল স্থাপন-২লক্ষ প্রকল্প দুটি বাস্তবায়নের পরিবর্তে নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশে বাংলোর নিরাপত্তার স্বার্থে বাংলোর সীমানা প্রাচিরের উপর তার কাটার বেস্টনী দেওয়ার নিমিত্তে প্রকল্প দুটির বরাদ্দ দিয়ে উক্ত কাজ বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন ও রাজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং তিনি প্রাক্কলনসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br>তিনি আরো বলেন, উপজেলা পরিষদ অভ্যন্তরে ডরমেটোরী কোয়ার্টার এবং গেজেটেড কোয়ার্টার বসবাসের অযোগ্য হয়ে গিয়েছে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে তিনি ভবন দুটি কন্ডেম করার বিষয়ে জেলা কন্ডেমনেশন কমিটি বরাবর প্রেরণের প্রস্তাব করেন<br><br>তিনি আরো বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন | ক) ২০২৪-২৫ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে প্রাপ্ত কমিটিসমূহ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। কমিটি পরিশিষ্ট-খ মোতাবেক।<br><br>খ) নির্বাহী অফিসার মহোদয়ের বাংলোর কাজ সংশোধন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং কাজ বাস্তবায়নের বিষয়ে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।<br>গ। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের প্রাক্কলনসমূহ পরিশিষ্ট-গ মোতাবেক।<br>গ। ডরমেটোরী কোয়ার্টার এবং গেজেটেড কোয়ার্টার কন্ডেম করার বিষয়ে জেলা কমিটি বরাবর প্রস্তাব প্রেরণের বিষয়ে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | ক) উপজেলা প্রকৌশলী।<br>খ) সংশ্লিষ্ট কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে একটি প্রকল্প ছিলো হেতালবুনিয়া মাধ্যমিক বিদ্যালয় কিন্তু প্রকৃত পক্ষে প্রকল্পটির নাম হবে হোগলবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়। তিনি নামটি সংশোধনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে একটি প্রকল্প ছিলো উপজেলার বিভিন্নস্থানে ডাস্টবিন স্থাপন। তিনি উক্ত প্রকল্পটি সংশোধন করে উপজেলা অফিসার্স ক্লাব উন্নয়ন বাবদ বরাদ্দ করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে একটি প্রকল্প ছিলো উপজেলায় লাইব্রেরী স্থাপন। তিনি উক্ত প্রকল্পটি সংশোধন করে উপজেলা পরিষদ অডিটোরিয়াম উন্নয়ন বাবদ বরাদ্দ করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন,১নং জলমা ইউনিয়নের ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের নিমিত্তে একটি প্রকল্প ছিলো ছায়াবরিয়া মিহির গাইনের বাড়ি হতে মিস্ত্রী বাড়ি অভিমুখী নতুন ইটের রাস্তা নির্মাণ। প্রকল্প টি উন্নয়ন তহবিলের ২৯ ও ৬৩ নং একই প্রকল্প হিসেবে অনুমোদন হয়েছিলো। স্থানীয় সংরক্ষিত ইউপি সদস্য তপতী রানী বিশ্বাসের আবেদনের প্রেক্ষিতে ৬৩নং প্রকল্পটি সংশোধন করে ছায়াবরিয়া জোনার্দ্দন বিশ্বাসের বাড়ি হতে সন্তিত মন্ডলের বাড়ি অভিমুখি ইটের রাস্তা সংস্কার প্রকল্পটি অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>তিনি বলেন, উপজেলা পরিষদের দাপ্তরিক কার্য পরিচালনার স্বার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে সৌর বিদ্যুৎ স্থাপন করা যেতে পারে। তিনি উপজেলা পরিষদ কম্পপ্লেক্সে সৌর বিদ্যুৎ স্থাপন করার জন্য সভায় প্রস্তাব করেন। | ঘ।২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় হেতালবুনিয়া মাধ্যমিক বিদ্যালয় নামের পরিবর্তে হোগলবুনিয়া মাধ্যমিক বিদ্যালয় সংশোধনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ। সভায় আলোচনান্তে উপজেলার বিভিন্নস্থানে ডাস্টবিন স্থাপনের পরিবর্তে উপজেলা অফিসার্স ক্লাব উন্নয়ন বাবদ বরাদ্দের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।<br>চ। সভায় আলোচনান্তে উপজেলায় লাইব্রেরী স্থাপনের পরিবর্তে উপজেলা পরিষদ অডিটোরিয়াম উন্নয়ন বাবদ বরাদ্দের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।<br>ছ। সভায় আলোচনান্তে ৬৩নং প্রকল্পটি সংশোধন করে ছায়াবরিয়া জোনার্দ্দন বিশ্বাসের বাড়ি হতে সন্তিত মন্ডলের বাড়ি অভিমুখি ইটের রাস্তা সংস্কার প্রকল্পটি অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জ। সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের দাপ্তরিক কার্য পরিচালনার স্বার্থে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ২লক্ষ টাকা ব্যয়ে সৌর বিদ্যুৎ স্থাপনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, গভীর নলকূপ স্থাপনের বিষয়ে সাইট সিলেক্টের কাজ চলছে। সিলেক্টের কাজ শেষ হলে যাচাই-বাছাই করে লটারির মাধ্যমে উপকার ভোগী নির্বাচন করা হবে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৮. | ফরেস্টার সামাজিক বনবিভাগ | ফরেস্টার সামাজিক বন বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা ইউপি সভায় তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি সভায় বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | প্যানেল চেয়ারম্যান,৫নং ভান্ডারকোট ইউপি সভায় জানান, তার ইউনিয়নের তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | প্রশাসক, ৬নং, ইউপি | প্রশাসক ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | প্রশাসক ৬নং ইউপি। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | আমিরপুর চেয়ারম্যান ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি পরিষদ চেয়ারম্যান সভাকে জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। তার ইউনিয়নের আজকে তারুণ্যের উৎসব হবে। তিনি বলেন নারায়ণখালী ব্রীজ হতে ফুলতলা ঘাট অভিমুখি রাস্তা ভাঙনে পতিত হয়ে চলাচলের অযোগ্য হয়ে গিয়েছে। তিনি উক্ত রাস্তাটি মেরামতের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন কড়িয়াডিঙা গেট ভেঙে পানি সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে। বিষয়টি ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এবং প্রকৌশলীকে অবহিত করা হয়েছে। তিনি গেটটি দ্রুত মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। | কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। নারায়ণখালী ব্রীজ হতে ফুলতলা ঘাট অভিমুখি রাস্তা এবং কড়িয়াডিঙা গেট মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | ক। আমিরপুর চেয়ারম্যান ৭নং ইউপি। খ। উপজেলা প্রকৌশলী। |
| ১৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার গ্রাম আদালতকে শক্তিশালী করার জন্য ইউপি চেয়ারম্যানগণ আরো সক্রিয়ভাবে কাজ করার জন্য অনুরোধ করেন। তিনি সপ্তাহে নির্ধারিত ১দিন গ্রাম আদালত করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। উক্ত আদালত হতে যে সকল অভিযোগের বিষয়ে নিষ্পত্তি বা তদন্তের জন্য প্রেরণ করা হয় সেগুলি গুরুত্বের সাথে বিবেচনার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>তিনি বলেন, জন্ম-মৃত্যু নিবন্ধন লক্ষমাত্রা অনুযায়ী কাজ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>তিনি বলেন, প্রতিটি ইউনিয়নে খাদ্যবান্ধব তালিকা হালনাগাদ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের বলা হলেও কেউ এখনও তালিকা জমা দেননি। তিনি তালিকা দ্রুত জমা দেওয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>উপজেলা প্রকৌশলী বলেন, বর্তমানে সকল ইউনিয়নে পানির দারুন সংকট চলছে। পানির লেয়ার নিচে নেমে গেছে। এলাকার লোক পানির জন্য হা হা কার করছে। তিনি ইউনিয়ন পরিষদের ১% থোক বরাদ্দ হতে প্রতি ইউনিয়নের জন্য ৪লক্ষ টাকা বরাদ্দ দিয়ে গুরুত্বপূর্ণ স্থানে সাব-মার্সেবল স্থাপন করলে পানির সংকট কিছুটা নিরসন হবে বলে তিনি প্রস্তাব করেন।<br><br>তিনি আরো বলেন, ইউনিয়ন পরিষদ সমূহে যে সকল সৌর বিদ্যুৎ স্থাপন করা হয়েছিলো সেগুলি নষ্ট হয়ে পড়ে আছে। মেরামত করা জরুরী তিনি ইউনিয়ন পরিষদ ১% থোক বরাদ্দ হতে প্রতি ইউনিয়নের জন্য ১লক্ষ টাকা বরাদ্দ করার প্রস্তাব করেন। | প্রতি সপ্তাহের বুধবার গ্রাম আদালত পরিচালনার জন্য সকল ইউপি চেয়ারম্যান একমত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত আদালত হতে যে সকল অভিযোগের বিষয়ে নিষ্পত্তি বা তদন্তের জন্য প্রেরণ করা হয় সেগুলি গুরুত্বের সাথে বিবেচনার জন্য এবং জন্ম-মৃত্যু নিবন্ধন লক্ষমাত্রা অনুযায়ী কাজ করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।<br><br>খাদ্যবান্ধব তালিকা হালনাগাদ তালিকা দ্রুত জমা দেওয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।<br><br>সভায় গুরুত্ব ও মানবিক বিবেচনায় ৭টি ইউনিয়নের প্রতিটি ইউনিয়নে, ইউনিয়ন পরিষদ ১% থোক বরাদ্দ হতে ৪লক্ষ টাকা বরাদ্দ করার এবং ৭টি ইউনিয়নের প্রতিটি ইউনিয়নে, ১% থোক বরাদ্দ হতে ১লক্ষ টাকা বরাদ্দ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন। | ক) উপজেলা নির্বাহী অফিসার।<br><br>খ) উপজেলা প্রকৌশলী |

আলোচনার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

(মোসাম্মৎ [illegible])
সভাপতি
উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২৪- তারিখ ঃ ১৩ /০৩/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা প্রশাসক, খুলনা ।
৩। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপজেলা.........................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
৫। চেয়ারম্যান,.................................. ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।

১৩/৩/২৫

(হোসনে আরা তান্নি)
উপজেলা নির্বাহী অফিসার
বটিয়াঘাটা, খুলনা ।
টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক

১. জনাব দেবব্রত মল্লিক, প্যানেল চেয়ারম্যান ১নং জলমা ইউপি।
২. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৩. জনাব আসলাম হাওলাদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৪. জনাব জাকির হোসেন লিটু,চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি।
৫. জনাব মো : কবির আকুঞ্জি,প্যানেল চেয়ারম্যান ৫নং ভান্ডারকোট ইউপি।
৬. জনাব জগজ্জীবন বিশ্বাস, প্রশাসক, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৭. জনাব কৌশিক পাল , প্যানেল চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি।
৮. জনাব ডা : মোঃ ওয়াহিদুজ্জামান, উপজেলা স্বাস্থ্য ও প : :প : কর্মকর্তা।
৯. জনাব ডা : শারমীন ফেরদৌস, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১০. জনাব মো : আবু বক্কর সিদ্দিক, উপজেলা কৃষি অফিস।
১১. জনাব মো : সেলিম সুলতান, সিনি : উপজেলা মৎস্য কর্মকর্তা।
১২. জনাব ডাঃ মোহাম্মদ তারিকুল ইসলাম, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা।
১৩. জনাব শরীফ মো : রুবেল, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
১৪. জনাব নিগার সুলতানা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা
১৫. জনাব জিএম আলমগীর কবির, উপজেলা শিক্ষা অফিসার।
১৬. জনাব নবনীতা দত্ত, উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়।
১৭. জনাব মো : আবুবক্কর মোল্যা, উ :যুব উন্নয়ন কর্মকর্তা।
১৮. জনাব গৌতম কুমার মন্ডল, উপজেলা প্রকৌশলী, এলজিইডি
১৯. জনাব রুনা আক্তার সুমি, উপ :সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২০. জনাব জান্নাতুন নেছা, উপজেলা সমবায় কর্মকর্তা।
২১. জনাব সুলতানা নাসরিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
২২. জনাব নিয়াকত আলী খান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২৩. জনাব জাহিদুর রহমান , উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।



CamScanner